

ইতিহাস নবম শ্রেণি

1. ফরাসি বিপ্লবের বৃহত্তর প্রভাব কী ছিল ?

উঃ পৃথিবীর ইতিহাসে একটি যুগান্তকারী ঘটনা হল 1789 খ্রীঃ ফরাসি বিপ্লব। শুধু ফ্রান্স নয়, ফ্রান্সের বাইরে পৃথিবীর বিভিন্ন দেশের উপর এই বিপ্লবের সুদূর প্রসারী প্রভাব পরিলক্ষিত হয়।

- ফরাসি বিপ্লবের ফলে ফ্রান্সে পুরাতন তন্ত্রের অবসান ঘটে এবং প্রজাতন্ত্র প্রতিষ্ঠিত হয়।
- ফরাসি বিপ্লবের ফলে সামন্ততন্ত্রের বিলোপ ঘটে।
- ফরাসি বিপ্লবের বাণী সাম্য, মৈত্রী ও স্বাধীনতা—এই মহান আদর্শের সঙ্গে বিশ্ববাসীর পরিচয় ঘটে।
- এই বিপ্লবের প্রভাবে ইউরোপের বিভিন্ন দেশে জাতীয়তাবাদী ভাবধারা ও আন্দোলনের প্রসার ঘটে।
- ফরাসি বিপ্লবের ফলে নাগরিকদের গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠিত হয় এবং জনগণই হল প্রকৃত সার্বভৌম ক্ষমতার অধিকারী।

2. অভিজাতরা রাজার বিরুদ্ধে বিদ্রোহ করল কেন ? এই বিপ্লবের গুরুত্ব কি ছিল ?

উঃ ফরাসি বিপ্লবের পূর্ববর্তী সমাজ কাঠমোয় যাজকরা ছাড়াও যে শ্রেণি, সুবিধাভোগী হিসাবে চিহ্নিত ছিল তারা হল অভিজাত শ্রেণি। দ্বিতীয় সম্প্রদায় বা দ্বিতীয় ক্রেস্ট হিসাবে তারা তৎকালীন ফ্রান্সে আর্থ-সামাজিক বহু সুযোগ সুবিধা ভোগ করত। কিন্তু বুরবোঁ রাজা যোড়শ লুই-এর রাজত্বকালে অভিজাতরাই প্রথম রাজার বিরুদ্ধে বিদ্রোহ করে। এই বিদ্রোহের কারণ ছিল সম্পূর্ণ অর্থনৈতিক।

- ক) **আর্থিক সংকট :-** বুরবোঁ রাজপরিবারের বিলাস ব্যসন, অমিতব্যয়িতা, ভ্রান্ত করনীতি, আমেরিকার স্বাধীনতার যুদ্ধে অংশগ্রহণ ইত্যাদি কারণে ফরাসি রাজকোষ শূন্য হয়ে পড়ে। রাজা যোড়শ লুই এই সংকট মোচনের জন্য যাজক ও অভিজাতদের ওপর ভূমিকর আরোপ করেন।
- খ) **সংস্কারের বিরোধিতা :-** অর্থমন্ত্রী তুর্গো, নেকার, ক্যালোন এবং ব্রিয়েঁ, রাজা যোড়শ লুই-এর পরমর্শমতো অভিজাতদের ওপর ভূমিকর ও গাবেলা বা লবনকর আরোপ এবং সাধারণ তৃতীয় সম্প্রদায় মানুষের ওপর থেকে করভি বা বাধ্যতামূলক শ্রমকর বিলোপ করলে অভিজাতরা ক্ষিপ্ত হয়ে ওঠে। কর বসানোর অধিকার একমাত্র স্টেটস জেনারেলের আছে এই দাবিতে সোচ্চার হয়। রাজা অভিজাতদের দাবি অগ্রাহ্য করেন এবং তাঁর প্রস্তাবিত সংস্কারগুলিকে আইনে পরিণত করলে অভিজাত শ্রেণি রাজার বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করে। শেষপর্যন্ত রাজা নতিস্বীকার করেন ও স্টেটস জেনারেল আহ্বানের প্রতিশ্রুতি দেন। অভিজাত বিদ্রোহে যাজক ও বুর্জোয়ারাও যোগদান করে।

গুরুত্ব :-

- ক) প্রতিক্রিয়াশীল অভিজাত অভ্যুত্থান হিসেবে এই বিদ্রোহ শুরু হলেও ক্রমে এটি গণ-আন্দোলনের রূপ ধারণ করেছিল। প্রাথমিকভাবে অভিজাতদের সঙ্গে বুর্জোয়াদের বোঝাপড়া হলেও সাধারণ মানুষ আন্দোলন যোগদান করলে স্বৈরাচারী রাজতন্ত্রের মর্যাদা ও ভিত্তি দুর্বল হয়ে পড়ে।
- খ) রাজা, স্টেটস জেনারেল অধিবেশন ডাকতে বাধ্য হলে অভিজাতরা তাদের চিরাচরিত অধিকার টিকিয়ে রাখার জন্য রাজকীয় স্বৈরাচারের বিরোধিতা করেছিল। কিন্তু রাজতন্ত্রকে দুর্বল করতে গিয়ে তারা পুরাতন তন্ত্রকেই দুর্বল করে ফেলে। তাই প্রাথমিক পরে অভিজাতরা জয়ী হলেও এই উপলব্ধি করতে পারেনি যে রাজতন্ত্রের ওপরই তাদের বিশেষ অধিকারের অস্তিত্ব নির্ভরশীল। শেষপর্যন্ত অভিজাতদের এই বিদ্রোহ ব্যর্থ হয়।